

স্মারক নং ৪৬.১০.০৯২৫.০০৪.০৩.০০১.২৪-৮৫

তারিখঃ ০৮.০২.২০২৪ খ্রি.

১৪৩১ বাংলা সনের জন্য চরফ্যাশন উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত হাট- বাজার ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, এর-২১ সেপ্টেম্বর/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারক আলোকে জারীকৃত সরকারী হাট-বাজার সমূহের ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালার আলোকে ভোলা জেলাধীন চরফ্যাশন উপজেলার ভৌগোলিক সীমানার মধ্যে অবস্থিত নিম্ন বর্ণিত সকল হাট-বাজার সমূহ-১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহর যুক্ত খামে সংযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র দাতাকে উদ্বৃত্ত মূল্যের সমুদয় অর্থ এবং উদ্বৃত্ত মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর, ৫% আয়কর ও ৫% জামানত হিসাবে যে কোন তফসীলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যয়িত টাকা জমাকারীকে ফেরৎ প্রদান করা হবে।


দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ

ক্রমিক নং	বিবরণ	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	মন্তব্য
১	প্রথম দরপত্র	২২/০২/২০২৪	২৩/০২/২০২৪	
২	দ্বিতীয় দরপত্র	১২/০৩/২০২৪	১৩/০৩/২০২৪	১ম ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া যাবে না ২য় ডাকে শুধু মাত্র সে সমস্ত হাট-বাজারের দর পত্র দাখিল করতে হবে।
৩	তৃতীয় দরপত্র	২২/০৩/২০২৪	২৩/০৩/২০২৪	২য় ডাকে যে সমস্ত হাট-বাজারের কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া যাবে না ৩য় ডাকে শুধু মাত্র সে সমস্ত হাট-বাজারের দর পত্র দাখিল করতে হবে।

দরপত্র সিডিউল আগামী ২২/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় অত্রাফিসসহ জেলা প্রশাসক, ভোলা/উপজেলা ভূমি অফিস, চরফ্যাশন/ ভারপাশ্ব কর্মকর্তা, চরফ্যাশন থানা, শশীভূষণ থানা, দক্ষিণ আইচা থানা এবং সোনালী ব্যাংক, চরফ্যাশন শাখা হতে সংশ্লিষ্ট হাট বাজারের নামের বিপরীতে উল্লেখিত নির্ধারিত (অফেরতযোগ্য নগদ মূল্যে) মূল্যে ক্রয় করা যাবে। দরপত্র সমূহ আগামী ২৩/০৩/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১-০০ ঘটিকার মধ্যে অত্র কার্যালয়সহ জেলা প্রশাসক, ভোলা/ উপজেলা ভূমি অফিস, চরফ্যাশন এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে জমা দিতে হবে এবং একই দিন বেলা ৩-০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র সংক্রান্ত যে কোন তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

হাট-বাজারের বিবরণ (নিম্ন বর্ণিত ৬টি সহ মোট ৬১ টি বাজার। বাজারের তালিকা নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে পাওয়া যাবে)

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউনিয়ন	সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য
১।	ভূইয়ার হাট-বাজার	আছলামপুর	২,৭৮,০০০/-	১,২০০/-
২।	দুলার হাট-বাজার	নুরাবাদ	৯,৮৬,০০০/-	৩,২০০/-
৩।	আজুর হাট-বাজার	চর কলমী	৫,৬৭,০০০/-	২,০০০/-
৪।	দক্ষিণ আইচা বাজার	চর মানিকা	৪,৮০,০০০/-	১,৮০০/-
৫।	চেয়ারম্যান হাট-বাজার	হাজারীগঞ্জ	৪,০০,০০০/-	১,৬০০/-
৬।	শশীভূষণ বাজার	রসুলপুর	১০,৮০,০০০/-	৪,০০০/-



(নওদীন হক)
উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাশন, ভোলা।

স্মারক নং ৪৬.১০.০৯২৫.০০৪.০৩.০০১.২৪-৮৫

অনুদ্বিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

০১। সম্পাদক,

উপরোক্ত হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তি পত্রিকার ভিতরের পাতায় সিংগেল স্পেসে যথা সম্ভব ছোট অক্ষরে কেবল মাত্র ১ (এক) বার প্রচার করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাশন, ভোলা।